রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
পর্যটন ভবন (৯ম তলা) প্লট: ই-৫ সি/১
পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭, বাংলাদেশ

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/৩০ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ২৩৬/এফআরসি/এসএস/প্রজ্ঞাপন/২০২৩/৩২৯।**—সকলের নিকট গ্রহণযোগ্য হিসাবরক্ষণ ও বিশ্বাসযোগ্য আর্থিক প্রতিবেদন প্রণয়ন, নিরীক্ষা চর্চা উপযোগী মানদণ্ড, কাঠামো প্রতিপালন এবং প্রতিষ্ঠানের সুশাসন নিশ্চিতকরণের প্রয়োজন পূরণের উদ্দেশ্যে সরকার ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ দ্বারা ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি) প্রতিষ্ঠা করেন। এফআরসির অন্যতম উদ্দেশ্য ও কার্যাবলি হচ্ছে হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশা স্ট্যান্ডার্ডস, নৈতিকতা সম্পর্কিত মান ইত্যাদি নির্ধারণ, বাস্তবায়ন ও প্রতিপালন নিশ্চিতকরণ।

এতদউদ্দেশ্যে এফআরসি বাংলাদেশ সরকার কর্তৃক প্রতিষ্ঠিত বিভিন্ন সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও সংস্থাসমূহের হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রণয়নে IPSAS (International Public Sector Accounting Standards) অনুসরণে পাঁচ লেভেলভিত্তিক আর্থিক প্রতিবেদন কাঠামো এবং এতদ্সংশ্লিষ্ট মানদণ্ড, নির্দেশিকা ও নীতি-পদ্ধতি প্রণয়ন ও জারি করেছে। উল্লিখিত হিসাবরক্ষণ কাঠামোটির লেভেলসমূহ নিম্নরূপ:

লেভেল ১: Accrual Basis IPSAS/IFRS;

লেভেল ২: Simplified Accrual Basis Financial Reporting Standards (SAB FRS);

লেভেল ৩: Simple Accrual Basis FRS;

লেভেল ৪: Modified Accrual Basis FRS (MAB FRS);

লেভেল ৫: Cash Basis IPSAS।

মানদণ্ড, নির্দেশিকা ও কাঠামোসমূহ এফআরসির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে যা প্রয়োজনানুসারে সময় সময় হালনাগাদকরণ করা হবে। সংশ্লিষ্ট সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ ও সংস্থাসমূহ উক্ত আর্থিক প্রতিবেদন কাঠামো, মানদণ্ড ও নির্দেশিকাসমূহ অনুসরণপূর্বক নিজ নিজ প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুত করবেন।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঁঞা**
চেয়ারম্যান
ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd